

ক্যাসারে আক্রান্ত ছাত্র দীপায়নের পাশে মাইনোরিটি ফোরাম নেতৃবৃন্দ

সোনার বাংলা রিপোর্ট ৪ সিডনিতে পড়তে আসা দীপায়ন ক্যাসারে আক্রান্ত হয়ে বর্তমানে প্রিন্স অব ওয়েলস হাসপাতালে চিকিৎসাধীন। তাঁর অসুস্থার খবর মিডিয়ায় প্রচারের সাথে সাথে সিডনিস্থ বাংলাদেশ কমিউনিটির বিভিন্ন সংগঠন তার সাথে দেখা করে চিকিৎসার খবরাখবর নিচ্ছেন এবং তাকে সাহস যোগাচ্ছেন। গত ১৭ জুন রবিবার দুপুরে অস্ট্রেলিয়ান ফোরাম ফর মাইনোরিটিজ বাংলাদেশ (এএফএমবি) এর সভাপতি ড. সমীর সরকারের নেতৃত্বে ফোরামের সদস্যরা দীপায়নের সাথে হাসপাতালে দেখা করেন এবং চিকিৎসার খবরাখবর নেন। ড. সমীর সরকার মাইনোরিটি ফোরামের পক্ষ থেকে দীপায়নকে সব ধরনের প্রয়োজনীয় সাহায্য সহযোগিতার আশ্বাস দেন। এ সময় তার সাথে সংগঠনের কোষাধ্যক্ষ সঞ্জীব মহাজন পিন্টু, সাংস্কৃতিক সম্পাদক রনজিৎ দাস সহ অন্যান্যরাও উপস্থিত ছিলেন। উল্লেখ্য, মাইনোরিটিজ ফোরাম এর আগেও অস্ট্রেলিয়া থেকে প্রকাশিত জনপ্রিয় ইন্টারনেট পত্রিকা 'বাসভূমি'-এর আহবানে ক্যাসারে আক্রান্ত ছাত্র তানভীরের সহযোগিতায় এগিয়ে এসেছিলো।